

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
দাকোপ, খুলনা।

স্মারক নং- উমবিককা/দাকোপ/খুল/৩৭০

তারিখ: ০৭/১০/২০২১ খ্রি:

বিভিন্ন ক্যাটাগরীতে জয়িতা নারী নির্বাচনের লক্ষ্যে আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি:

“সমাজের সকল বাধা বিপত্তি দূর করে জীবন সংগ্রামে জয়ী হয়েছেন যে নারী তিনিই হচ্ছেন জয়িতা”


মহিলা বিষয়ক অধিদপ্তর হতে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস-২০২১ উৎসাপন উপলক্ষ্যে জয়িতা অন্বেষণে বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে তৃণমূলের সফল নারীদের সম্মাননা প্রদানের লক্ষ্যে উপজেলা পর্যায়ে নিম্নোক্ত ০৫(পাঁচ) টি ক্যাটাগরীতে জয়িতা নারী নির্বাচনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দাকোপ, খুলনায় আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্যাটাগরী

- ১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ৩। সফল জননী নারী।
- ৪। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী।
- ৫। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

আবেদনের শর্তাবলী

- ১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দাকোপ হতে সংগ্রহ করতে হবে।
- ২। আবেদনকারী অবশ্যই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। প্রয়োজনীয় সকল সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। জীবনযুদ্ধ ও পরবর্তিতে সফলতার বিষয়টি আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনকারীর ৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। আগামী ২৫/১০/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে আবেদন ও আবেদনের সাথে সকল প্রকার কাগজপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দাকোপ খুলনায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


সুরাইয়া সিদ্দিকা

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
দাকোপ, খুলনা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ৫। চেয়ারম্যান(সকল)----- ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৬। -----(বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।